# ১৬ এপ্রিল ২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত ইউনিয়ন পরিষদের সভার কার্য বিবরণীঃ

**সভার সভাপতি :** আলহাজ্ব মোঃ রেজওয়ানুল হক, চেয়ারম্যান, ৯ নং হামিদপুর ইউপি, পার্বতীপুর, দিনাজপুর।

**সভা পরিচালনা :** জনাব মোঃ সাজেদুর রহমান, সচিব, ৯ নং হামিদপুর ইউনিয়ন পরিষদ, পার্বতীপুর, দিনাজপুর।

**সভার তারিখ ঃ** ১৬/০৪/২০২৩ খ্রিঃ রোজ ঃ রবিবার, সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা ।

**সভার স্থান ঃ** ৯নং হামিদপুর ইউপি কার্যালয়।

**সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দঃ** উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ তালিকা (পরিশিষ্ট 'ক')

**আলোচ্য বিষয় ঃ**

১। গত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন;

২। ঈদ-উল-ফিতর '২০২৩ উপলক্ষ্যে ভিজিএফ বিতরণে ৪নং ওয়ার্ড সদস্য জনাব মোঃ জিল্লুর রহমান এর অনিয়ম বিষয়ে

আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন প্রসঙ্গে;

৩। বিবিধ।

**আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

অদ্যকার সভায় সভাপতিত্ব করেন অত্র ইউপি চেয়ারম্যান জনাব, আলহাজ্ব মোঃ রেজওয়ানুল হক। সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। এরপর সভাপতি মহোদয় ইউপি সচিব জনাব মোঃ সাজেদুর রহমান কে গত সভার কার্যবিবরণী পাঠ করার জন্য বলেন। ইউপি সচিব জনাব সাজেদুর রহমান গত সভার কার্য বিবরণী পাঠ করেন। গত সভার সিদ্ধান্তের বিষয়ে কোন সংশোধন না থাকায় অদ্য সভায় তা অনুমোদিত হয়।

২। ঈদ-উল-ফিতর '২০২৩ উপলক্ষ্যে ভিজিএফ বিতরণে ৪নং ওয়ার্ড সদস্য জনাব মোঃ জিল্লুর রহমান এর অনিয়ম বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন প্রসঙ্গে;

অতঃপর ২নং আলোচ্য বিষয়ে সভাপতি সাহেব জানান যে, পবিত্র ঈদ-উল-ফিতর' ২০২৩ উপলক্ষ্যে ৯নং হামিদপুর ইউনিয়ন পরিষদে ১০ কেজি হারে ৭২২১ জনের মাঝে ভিজিএফ চাল বিতরণের জন্য সর্বমোট ৭২.২১ মেঃ টন চাল বরাদ্দ পাওয়া যায়। উক্ত চাল তালিকাভুক্ত প্রতিটি মানুষের মাঝে সুষ্ঠুভাবে বিতরনের সিদ্ধান্ত গৃহিত হয়। সেই লক্ষ্যে ১৪ এপ্রিল ২০২৩ ইং তারিখে হামিদপুর প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গানে চাল বিতরণের উদ্দেশ্যে তৈরিকৃত ওয়ার্ড ভিত্তিক বুথে প্রতি ওয়ার্ড সদস্যকে হিসাব মত নির্ধারিত পরিমান চাল এর বস্তা হাজার হাজার লোকের সম্মুখে বিতরণের উদ্দেশ্যে সরবরাহ করা হয় এবং ট্যাগ অফিসারের উপস্থিতেতে বিতরণ কার্য শুরু করা হয়। বিতরণ কার্য সুষ্ঠুভাবেই চলছিল ট্যাগ অফিসার, ইউপি চেয়ারম্যান, ইউপি সচিব এবং ইউনিয়ন পরিষদের অন্যান্য কর্মচারীগণ বিতরণ কার্য পর্যবেক্ষণ করছিল। সভাপতি সাহেব জানান যে দুপুর সময় জুম্মার নামাজের সময় হলে বিতরণ কার্যক্রম কিছুটা মন্থর করে আমরা নামাজে যাই। নামাজ শেষে পুনরায় বিতরণ কার্যক্রম শুরু করি এবং একটানা বিতরণ করে ইফতারের কিছু পূর্বে বিতরণ কার্যক্রম সম্পন্ন করি। উল্লেখ্য যে, বিতরণের পরে কিছু পরিমাণ চাল অবশিষ্ট রয়ে গেলে ট্যাগ অফিসারের সম্মুখে উপস্থিত জনতার মাঝে তা বিতরণ করা হয়। সভায় সভাপতি সাহেব আরও জানান যে, দিবারাত্রি পরিশ্রম করে চাল বিতরণের যে কর্মপরিকল্পনা গ্রহন এবং বিতরণ করি, একজন ওয়ার্ড সদস্যসের কারণে তা ব্যর্থতায় পর্যবসিত হয়। সভায় সভাপতি অত্যন্ত দুঃখ ভারাক্রান্ত হৃদয়ে জানান যে, গত ১৪ এপ্রিল রাত্রী বেলা ৪নং ওয়ার্ড সদস্য জনাব জিল্লুর রহমানের বাড়িতে চালভর্তি ৬-৭ বস্তা চাল প্রশাসন কর্তৃক উদ্ধার করা হয়। তিনি জানান যে, দুপুরবেলা আমরা জুমার নামাজে যাওয়ার পরে সুযোগ বুঝে ৪নং ওয়ার্ড সদস্য জিল্লুর রহমান এই হীন কার্যক্রম সম্পন্ন করে থাকতে পারে। তিনি সভাকে জানান যে, ৪নং ওয়ার্ড সদস্য জিল্লুর রহমান এর এহেন

কার্য এই ৯নং হামিদপুর ইউনিয়ন শুধু নয় পুরো পার্বতীপুর উপজেলা তথা দিনাজপুর জেলার মান সন্মান ক্ষুন্ন করেছে। একজন ওয়ার্ড সদস্য হয়ে কিভাবে জনগণের হক মাত্র ৬-৭ বস্তা চাল আত্নসাৎ করতে পারে ভাবতেই অবাক লাগে। সভাপতি সাহেব এহেন ঘটনার পুনরাবৃত্তি যেন না ঘটে এজন্য অন্যান্য সদস্যগণের নিকট বিনীত অনুরোধ জানান।

সভায় এ বিষয়ে বিশদ আলোচনা হয়, আলোচনান্তে সকলের সম্মতিক্রমে ৪নং ইউপি সদস্য মোঃ জিল্লুর রহমান তদন্তক্রমে দোষী সাব্যস্ত হলে তাকে সাময়িক বরখাস্ত ও পরবর্তী প্রয়োজনিয় ব্যবস্থাগ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার এর নিকট সুপারিশ করার সিদ্ধান্ত গৃহিত হয়।

৩। **বিবিধ**

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সাহেব সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

**(আলহাজ্ব মোঃ রেজওয়ানুল হক)**
চেয়ারম্যান
৯নং হামিদপুর ইউনিয়ন পরিষদ
পার্বতীপুর, দিনাজপুর।

**স্মারক নং** ঃ ০০.০০.০০০০.৩৪.০৫.০৮.২০২৩.

তারিখ ঃ ১৬/০৪/২০২৩ খ্রিঃ

**অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ**

১। উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর।
২। অফিস কপি।

**(মোঃ সাজেদুর রহমান)**
সচিব
৯নং হামিদপুর ইউনিয়ন পরিষদ
পার্বতীপুর,দিনাজপুর।

পরিশিষ্ট “ক”

# ইউপি সভায় উপস্থিত সদস্যগনের নাম ঃ

| ক্রমিক নং | উপস্থিত সদস্যগনের নাম | পদবী | ওয়ার্ড নং | স্বাক্ষর | সভার তারিখ |
|---|---|---|---|---|---|
| ১। | আলহাজ্ব মোঃ রেজওয়ানুল হক | চেয়ারম্যান | ১-৯ | স্বাক্ষরিত | ১৬/০৪/২০২৩ খ্রিঃ |
| ২। | মোছাঃ হাছনা হেনা বিজলী | সংরক্ষিত মহিলা | ১.২.৩ | স্বাক্ষরিত | ১৬/০৪/২০২৩ খ্রিঃ |
| ৩। | মোছাঃ বানেছা খাতুন | সংরক্ষিত মহিলা | ৪.৫.৬ | স্বাক্ষরিত | ১৬/০৪/২০২৩ খ্রিঃ |
| ৪। | মোছাঃ পুতুমনি | সংরক্ষিত মহিলা | ৭.৮.৯ | স্বাক্ষরিত | ১৬/০৪/২০২৩ খ্রিঃ |
| ৫। | মোঃ আব্দুল হালিম | সাধারণ সদস্য | ১নং | স্বাক্ষরিত | ১৬/০৪/২০২৩ খ্রিঃ |
| ৬। | মোঃ আব্দুল আহাদ | সাধারণ সদস্য | ২নং | স্বাক্ষরিত | ১৬/০৪/২০২৩ খ্রিঃ |
| ৭। | মোঃ শফিকুল ইসলাম | সাধারণ সদস্য | ৩নং | স্বাক্ষরিত | ১৬/০৪/২০২৩ খ্রিঃ |
| ৮। | নুর ইসলাম | সাধারণ সদস্য | ৫নং | স্বাক্ষরিত | ১৬/০৪/২০২৩ খ্রিঃ |
| ৯। | মোঃ মমিনুল ইসলাম | সাধারণ সদস্য | ৬নং | স্বাক্ষরিত | ১৬/০৪/২০২৩ খ্রিঃ |
| ১০। | মোঃ সাইদুর রহমান | সাধারণ সদস্য | ৭নং | স্বাক্ষরিত | ১৬/০৪/২০২৩ খ্রিঃ |
| ১১। | মোঃ মজিবুর রহমান | সাধারণ সদস্য | ৮নং | স্বাক্ষরিত | ১৬/০৪/২০২৩ খ্রিঃ |
| ১২। | মোঃ আব্দুল কাদের | সাধারণ সদস্য | ৯নং | স্বাক্ষরিত | ১৬/০৪/২০২৩ খ্রিঃ |
| ১৩। | মোঃ সাজেদুর রহমান | ইউপি সচিব | ১-৯ | স্বাক্ষরিত | ১৬/০৪/২০২৩ খ্রিঃ |

**(মোঃ সাজেদুর রহমান)**
সচিব
৯নং হামিদপুর ইউনিয়ন পরিষদ
পার্বতীপুর ,দিনাজপুর ।

**(আলহাজ্ব মোঃ রেজওয়ানুল হক)**
চেয়ারম্যান
৯নং হামিদপুর ইউনিয়ন পরিষদ
পার্বতীপুর ,দিনাজপুর ।